

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 28-12-2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রাক্তন প্রধানমন্ত্রী ডেন্টের মনমোহন সিং-এর শেষকৃত্য পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দিল্লিতে সম্পন্ন হয়েছে।
- ২) আগামীকাল প্রধানমন্ত্রীর আকাশবানীতে মন কি বাত।
- ৩) রাজ্য মন্ত্রীসভার সদস্যদের কোনো অনুষ্ঠানে যোগ দেওয়ার ক্ষেত্রে বিশেষ সতর্ক হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।
- ৪) রাজ্য সরকার জঙ্গি দমনে আরও সক্রিয় হলে তারা এখানে ঘাঁটি গেড়ে থাকতে পারতো না বলে বিজেপির রাজ্য সভাপতি মন্তব্য করেছেন।
- ৫) বাঁকুড়ার মুকুটমনিপুরে বন দপ্তরের পাতা ফাঁদে জিনাত নামের বাঘিনীটি পা দিয়েছে। তবে ঘুমপাড়ানি গুলি তার শরীরে লেগেছে কি না তা এখনও জানা যায়নি।
- ৬) ইস্টবেঙ্গল ও হায়দ্রাবাদ এফসির মধ্যে আইএসএল ফুটবল ম্যাচটি এক-এক গোলে শেষ হয়েছে।
- ৭) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা, বরোদাকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছে।

প্রাক্তন প্রধানমন্ত্রী ডেন্টের মনমোহন সিং-এর শেষকৃত্য আজ নতুন দিল্লির নিগমবোধ ঘাটে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। যমুনা নদীর তীরে গানস্যালুটের মাধ্যমে প্রয়াত এই নেতাকে শেষ শ্রদ্ধা জানানো হয়।

(সাউন্ড)

উপস্থিত ছিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, মরিশাসের বিদেশমন্ত্রী ঝনঝঝ রামফুল, ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক সহ বহু বিশিষ্ট ব্যক্তি।

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, দলীয় নেত্রী সোনিয়া গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী সহ বিশিষ্ট কংগ্রেস নেতৃবর্গ সেখানে উপস্থিত ছিলেন।

তৃণমূল কংগ্রেসের পক্ষে ছিলেন লোকসভার নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক। শিখ ধর্মের রীতি মেনে চন্দনকাঠে অন্ত্যষ্টিক্রিয়া সম্পন্ন হয়।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার ২৬-শে ডিসেম্বর প্রাক্তন প্রধানমন্ত্রী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। পাশাপাশি এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শোনা

যাবে মন কি বাত। হিন্দীতে সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

রাজ্য মন্ত্রিসভার সদস্যদের কোনও অনুষ্ঠানে যোগ দেওয়ার ক্ষেত্রে বিশেষ সতর্ক হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কোথায়, কোন অনুষ্ঠানে যাচ্ছেন সব মন্ত্রীদের তা আগাম মুখ্যমন্ত্রীর দফতরে জানাতে হবে। জানা গেছে, সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকেই মুখ্যমন্ত্রী স্বয়ং, সতীর্থদের এই মর্মে নির্দেশ দেন। সব দিক খতিয়ে দেখে মুখ্যমন্ত্রীর দফতর থেকে অনুষ্ঠানে যাওয়ার ব্যাপারে অনুমোদন দেওয়া হবে। আগামী বছরের শুরু থেকেই এই নির্দেশ মন্ত্রীদের কঠোরভাবে মেনে চলতে হবে বলে জানানো হয়েছে।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম করে হুমকি কান্ডের প্রেক্ষিতে কলকাতার এমএলএ হোস্টেলের সুরক্ষা ব্যবস্থাকে আরো মজবুত করা হচ্ছে। বিধায়কদের সুপারিশে অতিথিশালার ঘর বরাদ্দের ক্ষেত্রে আরো বেশি সতর্ক এবং কড়াকড়ি ব্যবস্থা নেওয়া হচ্ছে। রাজ্য বিধানসভার তরফে স্থির হয়েছে, এবার থেকে বিধায়কদের সুপারিশ পত্র নিয়ে যারা হোস্টেলের অতিথিশালায় থাকবেন তাদের অন্তত সাত দিন আগে আবেদন করতে হবে। অতিথিদের সঙ্গে থাকা সুপারিশ পত্র এবং অন্যান্য নথি পুর্খানুপুর্খভাবে খতিয়ে দেখে সন্তুষ্ট হলে তবেই ঘর বরাদ্দ করা হবে। কেউ অসং উদ্দেশ্যে ঘর ভাড়া নিচ্ছেন বলে জানা গেলে, তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম ভাড়িয়ে তোলাবাজি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য শেক্সপিয়ার সরণি থানার পুলিশ এম এল এ হোস্টেলের সুপার সুশান্ত মন্ডলকে তলব করেছে। কিভাবে অভিযুক্ত বিজেপি বিধায়কের নাম করে ঘর ভাড়া নিলেন তাও খতিয়ে দেখা হচ্ছে।

অন্যদিকে, এই ঘটনায় কোচবিহারের বিজেপি বিধায়ক নিখিলরঞ্জন দে-কেও তলব করা হয়েছে। আগামী ৩ দিনের মধ্যে থানায় হাজির হতে হবে।

রাজ্য সরকার জঙ্গী দমনে সক্রিয় হলে তারা এখানে ঘাঁটি গেড়ে থাকতে পারতনা বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগণার খড়দায় শ্রী মজুমদার বলেন, রাজ্যে একের পর এক জেলা থেকে জঙ্গী ধরা পড়ছে, পুলিশ তাদের ধরতে ব্যর্থ। রাজ্য সরকার জমি না দেওয়ায় বাংলাদেশ সীমান্তের বহু এলাকায় বেড়া দেওয়া যায়নি। তবে সার্বিকভাবে অনুপ্রবেশ বন্ধ করা যাচ্ছে না বলে শ্রী মজুমদার অভিযোগ করেন।

বাইট

চোরা পথে দেশ ফিরে যাওয়ার আগে বাগদাদ থানার পুলিশ গতকাল দুলাল শেখ ও পারুল বেগম নামে দুই বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে। এদের বাড়ি বাংলাদেশের বাগেরহাট জেলায়। মাস ছয়েক আগে তারা কাজের খোঁজে ভারতে এসেছিল। বনগাঁ মহকুমা আদালত আজ তাদের ১৪ দিনের জেল হেপাজতে পাঠিয়েছে।

পাসপোর্ট নিয়ে জালিয়াতি রুখতে কলকাতা পুলিশ আরও কঠোর ব্যবস্থা নিচ্ছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ সাংবাদিকদের বলেন, পাসপোর্ট হাতে দেওয়ার আগে থানার ওসি এবং আইসিদের আবশ্যিকভাবে নোডাল আধিকারিকদের সঙ্গে কথা বলতে হবে। আবেদন পত্র যাচাইয়ের সময় আপরাধ ও জন্মতারিখ সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে। পুলিশের ভূমিকা খাতায় কলমে নথিভুক্ত করতেও বলা হয়েছে বলে তিনি

উল্লেখ করেন। কলকাতায় বহিরাগতদের ওপর নজর রাখা হচ্ছে বলেও পুলিশ
কমিশনার জানান।

বাঁকুড়ার রাণীবাঁধে মুকুটমণিপুর জলাধারের পাশের এলাকায় বন্দপ্তরের পাতা ফাঁদে
জিনাত নামের বাঘিনীটি পা দিয়েছে। বন্দপ্তরের কর্মীরা বাঘিনীকে লক্ষ্য করে ঘুমপাড়ানি
গুলি চালালেও সেই গুলি তার শরীরে লেগেছে কিনা তা এখনও জানা যায়নি।

পুরুলিয়ার বান্দোয়ানের রাইকার গভীর জঙ্গল থেকে আজ সকালে প্রায় ছয়
কিলোমিটার এগিয়ে মানবাজার এক নম্বর ব্লকের নেনানি গ্রামের কাছে আশ্রয়
নেয় সে। এরপর আজ দুপুরে বাঁকুড়ার রানিবাঁধ থানার বারুনি-
গোপালপুর, গোঁসাইডি এলাকায় পৌছয়। সকাল থেকেই বাঘিনীর আতঙ্ক গ্রাস
করেছে গোটা গ্রামকে। প্রশাসনের পক্ষ থেকে চলছে জোরদার প্রচার। গ্রামের
মানুষদের তাদের বাসস্থান থেকে দূরে সরিয়ে দেওয়া হয়েছে। তাদের কোনো জল ও
খাবার দেওয়া হয়নি এই অভিযোগে বন্দপ্তরের বিরুদ্ধে আজ বিক্ষোভ দেখান মানবাজার
লাগোয়া গোঁসাইডি সহ বেশ কয়েকটি গ্রামের বাসিন্দারা। পরে পুলিশ এসে পরিস্থিতি
সামাল দেয়।

রাজ্য এখনও রেশন কেলেক্ষারি চলছে বলে বিরোধী বিজেপি নেতা শুভেন্দু
অধিকারি অভিযোগ করেছেন। প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং তার সহযোগীরা
গ্রেপ্তার হওয়া সত্ত্বেও রেশনের চাল বেসরকারি চালকলগুলিতে পাঠানো এবং তা বাজারে
বিক্রির জন্য প্রস্তুত করা হচ্ছে বলে তাঁর দাবি। বিষয়টি নিয়ে তদন্তের জন্য শ্রী অধিকারি
ইডিকে আর্জি জানিয়েছেন।

দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটির হাড়াল গ্রামে মজুত রাখা বাজিতে বিস্ফোরণ এবং অগ্নিকাণ্ডে তিনজন গুরুতরভাবে দুঃখ হয়েছেন। বিস্ফোরণের তীব্রতায় পিন্টু মন্ডল নামে স্থানীয় এক বাজি ব্যবসায়ীর বাড়ি ভেঙে চুরমার হয়ে যায়। গৃহকর্তা পিন্টু মন্ডল সহ শুভক্ষরী ও ভক্তি সর্দার নামে মোট তিনজন পুড়ে যান। বিস্ফোরণের শব্দে গ্রামবাসীরা ছুটে এসে আগুন নেতানোর কাজে হাত লাগান। গ্যাস সিলিন্ডার থেকেই এই অগ্নিকাণ্ড বলে মনে করা হচ্ছে।

বর্ষবরণ উপলক্ষ্যে শহরে কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে কলকাতা পুলিশ সবধরনের ব্যবস্থা নিচ্ছে। পুলিশ কমিশনার মনোজ বর্মা আজ লালবাজারে এক সাংবাদিক বৈঠকে বলেন, মত অবস্থায় বা বেপরোয়াভাবে গাড়ি চালালে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। শ্লীলতাহানি বা মহিলাদের সঙ্গে অভ্যন্তর আচরনের বিষয়ে নজরদারির জন্য পার্কস্ট্রিট, আলিপুর চিড়িয়াখানা, ভিট্টোরিয়া মেমোরিয়াল সহ বিভিন্ন এলাকায় সাদা পোশাকের পুলিশ মোতায়েন থাকবে। পাশাপাশি অপরাধদমন শাখার দলও নজরদারি চালাবে। অসুস্থ, বয়স্ক বা অ্যাম্বুলেন্স চলাচলের ক্ষেত্রে যাতে কোনো অসুবিধা না হয় সেদিকেও পুলিশের নজর থাকবে। ৩১শে ডিসেম্বর ও পয়লা জানুয়ারি শহরের বিভিন্ন জায়গায় মোতায়েন থাকবে চার হাজার পুলিশ কর্মী।

কলকাতার বাবুঘাট ও সংলগ্ন এলাকায় গঙ্গাসাগর মেলা উপলক্ষে আসা বিভিন্ন রাজ্যের পুণ্যার্থীদের পুর পরিষেবার বিষয়ে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ

হাকিম আজ পুলিশ, স্বাস্থ্য ও সংশ্লিষ্ট দপ্তরগুলির আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। শ্রী হাকিম পরে সাংবাদিকদের জানান, ,গঙ্গাসাগরগামী ভিন রাজ্যের পুণ্যার্থীদের জন্য পুরসভা বাবুঘাটে শিবির খুলবে। সেখানে জল সরবরাহ ও দূষণ রোধে ব্যবস্থা নেওয়া হবে। ত্রি এলাকা সাফাইয়ের জন্য পর্যাপ্ত কর্মীরও ব্যবস্থা করা হবে। পুণ্যার্থীদের জন্য বাবুঘাটে স্বাস্থ্য শিবির খুলবে পুরসভা। ডেপুটি মেয়র অতীন ঘোষ ও পুরসভার মেয়র পারিষদ দেবাশীষ কুমার শিবিরের দায়িত্বে থাকবেন।

ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে ডাউন সাবার্বান লাইনে আজ রাত সাড়ে ১১-টা থেকে রবিবার ২৯-শে ডিসেম্বর সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এজন্য বেশকিছু ট্রেন বাতিল করা হয়েছে।

আজ শিয়ালদা – ডানকুনির মধ্যে এক জোড়া ইএমইউ লোকাল বাতিল থাকবে। এছাড়া আগামীকাল শিয়ালদা – বনগাঁ শাখা, হাসনাবাদ, ডানকুনি, কল্যাণী সীমান্ত, শান্তিপুর, কৃষ্ণনগর, নেহাটি সহ কয়েকটি লাইনে বেশকিছু লোকাল ট্রেন বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের হরিপাল এবং নালিকুল স্টেশনের মাঝে সেতুর কাজের জন্য ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আগামীকাল তারকেশ্বর থেকে ৮ টি , গোঘাট, আরামবাগ, হরিপাল ও সিঙ্গুর থেকে ১ টি করে, এবং হাওড়া থেকে ৯ টি, শেওড়াফুলী থেকে দুটি EMU লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

উত্তর দিনাজপুরের ইসলামপুর শহরের বাস টার্মিনাস এলাকায় দুটি বেসরকারি বাসের রেষারেষিতে দুজন প্রাণ হারিয়েছেন। বেশ কয়েকজনকে জখম অবস্থায় হাসপাতালে পাঠানো হয়েছে বলে দমকল সূত্র উদ্বৃত্ত করে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

আকাশবাণীর মুর্শিদাবাদের জেলা সংবাদদাতা মামুন ফারুককে রাজ্য সরকারের পক্ষ থেকে শিশুশ্রী পুরস্কার প্রদান করা হয়েছে। শিশু অধিকার রক্ষা আয়োগের পক্ষ থেকে এই পুরস্কার প্রদান করা হয়।

হায়দ্রাবাদের গাছিবটলি স্টেডিয়ামে আজ ইস্টবেঙ্গল ও হায়দ্রাবাদ এফসির মধ্যে আইএসএল ফুটবলের ম্যাচটি ১-১ গোলে শেষ হয়েছে। খেলার প্রথমার্ধ গোলশূন্য ছিলো। ম্যাচের ৬৪ মিনিটে ইস্টবেঙ্গলের হয়ে জেকসন থাওনাওজাম গোল করেন। ৯০ মিনিটে হায়দ্রাবাদের হয়ে গোল পরিশোধ করেন মনোজ মহম্মদ। এই ম্যাচ ড্র হওয়ার ফলে ইস্টবেঙ্গল ১৩ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে একাদশ স্থানেই রইলো। সমসংখ্যক ম্যাচ খেলে ৮ পয়েন্ট নিয়ে হায়দ্রাবাদ রইলো দ্বাদশ স্থানে।

সেকেন্দ্রাবাদের জিমখানা গ্রাউন্ডে আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের গ্রুপ পর্বের ম্যাচে বাংলা, বরোদাকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছে। বাংলা টসে জিতে বরোদাকে ব্যাট করতে পাঠায়। বরোদা ৪৮ ওভার ৫ বলে ২২৮ রানে অলআউট হয়ে যায়। শাশ্ত্র রাওয়াত ৯৫, ভানু পানিয়া ৪২ রান করেন। বাংলার হয়ে প্রদীপ্ত প্রামাণিক, সায়ন ঘোষ

তিনটি করে উইকেট নেন। মুকেশ কুমার দুটি উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে
বাংলা ৩ উইকেট হারিয়ে ৭ ওভার বাকি থাকতেই লক্ষ্য পৌঁছে যায়।
